



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়
স্থানীয় সরকার বিভাগ
জেলা পরিষদ শাখা
বাংলাদেশ সচিবালয়, ঢাকা
www.lgd.gov.bd



শেখ হাসিনার মূলনীতি
গ্রাম শহরের উন্নতি

নম্বর : ৪৬.০০.৪১০০.০৪২.১৪.০৮৫.২০২১.২১০৯

তারিখ: ২১ আশ্বিন ১৪২৮
০৬ অক্টোবর ২০২১

বিষয় : যশোর জেলা পরিষদের ২০১৭-১৮, ২০১৮-১৯ এবং ২০১৯-২০ অর্থ বছরে এডিপি বরাদ্দের সাশ্রয়কৃত অর্থ হতে স্কিম বাস্তবায়নের অনুমোদন

সূত্র : জেলা পরিষদ, যশোর এর স্মারক জেপয়/প্রকৌঃ/প্রকল্প গ্রহণ/প্র-২.(২০২০)-৩০৯, তারিখ: ০৭ সেপ্টেম্বর ২০২১।

উপর্যুক্ত বিষয় ও সূত্রস্থ স্মারকে যশোর জেলা পরিষদের ২০১৭-১৮, ২০১৮-১৯ এবং ২০১৯-২০ অর্থ বছরে এডিপি বরাদ্দের সাশ্রয়কৃত ৬৫.০০ লক্ষ টাকা প্রাক্কলিত ব্যয়ে ১২টি স্কিম বাস্তবায়নের অনুমোদন প্রদানের জন্য অনুরোধ করা হয়।


২। প্রস্তাবিত স্কিমসমূহের মধ্যে নিম্নবর্ণিত ৩টি স্কিমের প্রয়োজনীয়তা ও বিস্তারিত প্রাক্কলন প্রেরণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো:

ক্রমিক	স্কিমসমূহের নাম	প্রাক্কলিত ব্যয়
১.	অভয়নগর উপজেলাধীন নওয়াপাড়া ইনস্টিটিউটের ক্রীড়া বিভাগের খেলার মাঠে পিলারে ফ্লাড লাইট স্থাপন	৩.০০ লক্ষ টাকা
২.	চৌগাছা উপজেলাধীন মাডুয়া স্কুল এন্ড কলেজ উন্নয়ন	১০.০০ লক্ষ টাকা
৩.	অভয়নগর উপজেলাধীন নওয়াপাড়া ইনস্টিটিউটের অডিটরিয়াম উন্নয়ন ও সংস্কার	২৫.০০ লক্ষ টাকা

৩। উক্ত ৩টি স্কিম ব্যতীত অবশিষ্ট ৯টি স্কিম ২৭.০০ লক্ষ টাকা প্রাক্কলিত ব্যয়ে বাস্তবায়নের প্রশাসনিক অনুমোদন নির্দেশক্রমে জ্ঞাপন করা হলো:

শর্তাবলী:

পাবলিক প্রকিউরমেন্ট আইন, ২০০৬, পাবলিক প্রকিউরমেন্ট বিধিমালা, ২০০৮, স্থানীয় সরকার বিভাগের ০৭ জানুয়ারি ২০২০ তারিখের ৪৬.০০.০০০০.০৪২.২০.০০৫.১৯-২০ নং পরিপত্রের নির্দেশনাসমূহ যথাযথ প্রতিপালন করতে হবে।


মোহাম্মদ তানভীর আর্জম হিদ্দিকী
উপসচিব
ফোনঃ ৯৫৭৫৫৬৮
ই-মেইলঃ lgzp@lgd.gov.bd

প্রধান নির্বাহী কর্মকর্তা
জেলা পরিষদ, যশোর।

অনুলিপি সদয় জ্ঞাতার্থে:

- মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- সিনিয়র সচিবের একান্ত সচিব, স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।